

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ(বিআরটিএ)
বিআরটিএ ভবন
নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা- ১২১২।
www.brta.gov.bd



তারিখঃ ১০-০৮-২০২০খ্রিঃ।

স্মারক নং-৩৫.০৩.০০০০.০০২.০৬.০০২.১৯-২০২০


বিষয়ঃ স্বাস্থ্য বিধি মেনে গণপরিবহন পরিচালনা।

সূত্রঃ ১। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের স্মারক নং-৩৫.০০.০০০০.০২০.০০৬.০২০.১৮-২৮৫, তারিখঃ ২২-০৭-২০২০খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, সড়ক মহাসড়কে যাত্রীসাধারণের যাতায়াত নিরাপদ ও নির্বিঘ্ন করার নিমিত্ত স্বাস্থ্য বিধি অনুসরণ করে সামাজিক দূরত্ব বজায় রেখে ধারণ ক্ষমতার অর্ধেক যাত্রী নিয়ে বাস মিনিবাস চলাচল অব্যাহত রাখা, দূর পাল্লার গাড়িতে মধ্যবর্তী স্থানে যাত্রী উঠানোর জন্য গাড়ি না থামানো এবং সরকার কর্তৃক নির্ধারিত ভাড়ার অতিরিক্ত ভাড়া আদায় করা যাবে না মর্মে সিদ্ধান্ত রয়েছে। সম্প্রতি দেখা যাচ্ছে, কিছু কিছু যানবাহনে উপরোক্ত নির্দেশনা মানা হচ্ছে না। এতে করোনা সংক্রমণ বৃদ্ধির ঝুঁকি বাড়ছে ফলে জনসাধারণের মধ্যে বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি হচ্ছে। ইতিপূর্বে ২৩.০৭.২০২০ খ্রিঃ তারিখে ৩৫.০৩.০০০০.০০২.০৬.০০২.১৯-১৯৫৪ নং স্মারকে এ বিষয়ে পত্র প্রেরণ করে অনুরোধ করা হয়েছে। এছাড়া স্বাস্থ্য বিধি অনুসরণে গণপরিবহন চালনার নিমিত্ত সতর্কতামূলক বিজ্ঞপ্তিও পত্রিকায় প্রচার করা হয়েছে।

এমতাবস্থায়, উপর্যুক্ত বিষয়গুলোসহ স্বাস্থ্য বিধি অনুসরণ করে গণপরিবহন পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় অনুরোধ করা হলো।

সংযুক্তি:


২০.০৮.২০২০
(নূর মোহাম্মদ মজুমদার)
চেয়ারম্যান
ফোন : ৫৫০৪০৭১১

বিতরণ কার্যার্থেঃ

- ১। সভাপতি/মহাসচিব, বাংলাদেশ সড়ক পরিবহন সমিতি, পরিবহন ভবন, ২১, রাজউক এভিনিউ, ঢাকা।
- ২। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন, ২৮, রাজউক এভিনিউ, ঢাকা।
- ৩। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ ট্রাক ও কাভার্ড ভ্যান মালিক সমিতি, তেজগাঁও, ঢাকা।
- ৪। চেয়ারম্যান, বাংলাদেশ বাস ট্রাক ওনার্স এসোসিয়েশন, গাবতলী, ঢাকা।
- ৫। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ইউনিয়ন (বি-৪৯৪), ৪৭/এ টয়েনবি সার্কুলার রোড, ঢাকা-১০০০।

অনুলিপিঃ

- ১। মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব এর একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।